দৈনিক ইত্তেফাক

তারিখ 2-4 FEB 2007
পৃষ্ঠা ৮৮ কলাম ৪

# যৌথ বাহিনীর অভিযানে আযিযুল হক কলেজের ১৫ ছাত্রদল ও শিবির নেতা গ্রেফতার

॥ বগুড়া অফিস ॥

বগুড়া আযিযুল হক সরকারি কলেজ ক্যাম্পাসে ছাত্রদল শিবিরের মধ্যে সংঘর্ষের পর বৃহস্পতিবার রাতেই পুলিশ, র‍্যাব ও সেনাবাহিনী যৌথ অভিযান চালিয়ে শিবির ও ছাত্রদলের ১৫ জন নেতা কর্মী ও (১৫শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## যৌথ বাহিনীর অভিযানে

(১৬শ পৃঃ পর)

ক্যাডারকে গ্রেফতার করেছে। গতকালই তাদের জেল হাজতে প্রেরণ করা হয়। কলেজের ছাত্রাবাসে ছাত্র ভর্তি করাকে কেন্দ্র করে বৃহস্পতিবার কলেজে ছাত্রদল ও শিবির কর্মীরা সংঘর্ষে লিপ্ত হয়। সংঘর্ষ চলাকালে ক্যাম্পাসসহ এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। আহত হয় উভয় সংগঠনের ২০ জন নেতা-কর্মী। রাতেই যৌথ বাহিনী কলেজ সংলগ্ন জামিলনগর এলাকায় শিবির ও ছাত্রদল প্রতিষ্ঠিত বিভিন্ন ছাত্রাবাসে তল্লাশি চালিয়ে ১৫ জনকে গ্রেফতার করে। গ্রেফতার কৃতদের মধ্যে ১০ জন ছাত্র দলের নেতা-কর্মী ও ক্যাডার এবং ৫ জন শিবিরের নেতা-কর্মী ক্যাডার। পুলিশ ৫১ ধারায় গ্রেফতার দেখিয়ে গতকাল শুক্রবার কোর্টে পাঠালে ম্যাজিস্ট্রেট তাদের জেল হাজতে প্রেরণের নির্দেশ দিয়েছেন। কলেজ ছাত্রাবাসে নিজেদের কর্মীদের সিট বরাদ্দের প্রতিযোগিতায় নামে এবং এক পর্যায়ে ক্যাম্পাসে লাঠিসোঁটা ইটপাটকেল নিয়ে সংঘর্ষে লিপ্ত হয়।